



রংপুর সিটি কর্পোরেশন

রংপুর-৫৪০০

বাংলাদেশ।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ফোন : +৮৮০-৫২১-৬৪৯৪২
ফ্যাক্স : +৮৮০-৫২১-৫৫৯৭০
ই-মেইল : info@rpcc.gov.bd
ওয়েব : www.rpcc.gov.bd

সূত্র: ৪৬.১৮.০০০০.১০১.৯৯.০০১.২৪-৭১০৬

তারিখ: ১০ মার্চ ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

সম্প্রতি, জাতীয় দৈনিক 'প্রথম আলো'র লোগো ব্যবহার করে রংপুর সিটি কর্পোরেশনের ৬টি পদে একটি নিয়োগ বিজ্ঞপ্তির ছবি সামাজিক যোগাযোগ মাধ্যম তথা ইন্টারনেটে প্রচার হতে দেখা যাচ্ছে। নিয়োগ বিজ্ঞপ্তির ছবির উপরে 'প্রথম আলো'র লোগো এবং রংপুর সিটি কর্পোরেশনের মনোগ্রাম ও জলছাপ যুক্ত আছে। এছাড়া, আবেদনের নিয়মাবলীতে লেখা আছে, উক্ত পদ সমূহের জন্য আগ্রহী প্রার্থীদের ১০ মার্চ ২০২৪ ইং রাত ১১ টা'র মধ্যে সিডি rangpur91citycorporation@gmail.com শীর্ষক মেইল অ্যাকাউন্টে প্রেরণ করার কথা বলা হয়েছে। বিজ্ঞপ্তিতে রংপুর সিটি কর্পোরেশনের ভুল ইমেইল ঠিকানা এবং ভুল ওয়েবসাইট ব্যবহার করা হয়েছে। ভুয়া এই নিয়োগ বিজ্ঞপ্তিতে কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ব্যবহার করা হয়েছে।

সামাজিক যোগাযোগ মাধ্যম এবং ইন্টারনেটে প্রচারিত রংপুর সিটি কর্পোরেশনের এই নিয়োগ বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশ করা হয়নি বরং উক্ত বিজ্ঞপ্তি সম্পূর্ণ ভুয়া, ভিত্তিহীন এবং মিথ্যা।

এ বিষয়ে চাকরিপ্রত্যাশীসহ সর্বসাধারণকে সতর্ক থাকার জন্য আহ্বান করা হচ্ছে।


১০/০৩/২৪

(উম্মে ফাতিমা)

প্রধান নির্বাহী কর্মকর্তা

রংপুর সিটি কর্পোরেশন

ফোনঃ ০২৫৮৯৯-৬২৭৪৭

ই-মেইলঃ ceo@rpcc.gov.bd